

শালুকের দল।। *কোচবিহারের ডোডেয়ারহাটে অপর্ণা গুহ রায়ের ক্যামেরায়।*

## সিদ্ধান্ত অ্যান্টি র‍্যাগিং কমিটির

# হুমকি সংস্কৃতি ও র‍্যাগিং রুখতে কড়া

রণজিৎ ঘোষ

**শিলিগুড়ি, ১৪ অক্টোবর :** উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে হুমকি সংস্কৃতি এবং র‍্যাগিংয়ের ঘটনায় কড়া ব্যবস্থা নেওয়ার সিদ্ধান্ত নিল অ্যান্টি র‍্যাগিং কমিটি। র‍্যাগিংয়ের পাশাপাশি 'প্লাজমা'র জন্য মোটা টাকা চাঁদা চেয়ে হুমকির অভিযোগে সোমবার পড়ুয়াদের বিক্ষোভে উত্তপ্ত হয়েছিল মেডিকেল। এরপর মঙ্গলবার অ্যান্টি র‍্যাগিং কমিটি জরুরি বৈঠকে বসে। সেখানে অভিযুক্তদের ডেকে জিজ্ঞাসাবাদ করা হয়। কমিটির তরফে স্পষ্ট জানিয়ে দেওয়া হয়েছে, ফের এই ধরনের ঘটনা ঘটলে প্রত্যেকের বিরুদ্ধে পুলিশে অভিযোগ দায়ের করা হবে। সূত্রের খবর, একাধিক অভিযুক্ত কৃতকর্মের জন্য ক্ষমা চেয়েছেন। আবার কেউ কেউ মিথ্যা ফাঁসিয়ে দেওয়া হচ্ছে বলেও দাবি করেছেন। এঁদের প্রত্যেককে লিখিতভাবে কমিটির কাছে নিজের বক্তব্য জানাতে বলা হয়েছে। মেডিকেল কলেজের ভারপ্রাপ্ত অধ্যাপক ডাঃ সঞ্জয় মল্লিক বলেছেন, 'বৈঠকে অনেক বিষয়ে আলোচনা হয়েছে। কমিটি আমার কাছে লিখিত আকারে রিপোর্ট দেবে। তার ভিত্তিতে পদক্ষেপ করব।'

আরজি কর কাণ্ডের পর উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে হুমকি সংস্কৃতি ও র‍্যাগিংয়ের অভিযোগ উঠেছিল। মূলত শাসকদলের ছাত্র সংগঠনের কয়েকজন নেতানেত্রীর বিরুদ্ধেই অভিযোগ তুলে সরব হয়েছিলেন পড়ুয়ারা। এক বছর কাটতে না কাটতে ফের ওই নেতানেত্রীরাই কলেজে জাঁকিয়ে বসেছেন বলে অভিযোগ। নিয়মিত জুনিয়ারদের হস্টেলের ঘরে এবং মাল্টিপারপাস হলে ডেকে র‍্যাগিংয়ের পাশাপাশি 'প্লাজমা'র নামে প্রত্যেকের কাছে তিন-চার হাজার টাকা করে চাঁদা দাবি করা হচ্ছে। এমনকি দাবিমতো চাঁদা না দিলে দেখে নেওয়ার হুমকিও দেওয়া হচ্ছে বলে অভিযোগ। বেশ কিছুদিন এসব অত্যাচার সহ্য করার পর সোমবার পড়ুয়ারা একত্রিত হয়ে কলেজ অধ্যক্ষের অফিসে বিক্ষোভে শামিল হন। তাঁরা দ্রুত পদক্ষেপ চেয়ে অধ্যক্ষের কাছে স্মারকলিপি দেন। পাশাপাশি একাধিক পড়ুয়া পৃথকভাবে অভিযুক্তদের নাম সহ অধ্যক্ষের কাছে অভিযোগ জমা দিয়েছেন।

এই ঘটনার পর তড়িঘড়ি অ্যান্টি র‍্যাগিং কমিটির বৈঠক ডাকা হয়। মঙ্গলবার দুপুরে বৈঠক চলে। সেখানে কলেজের ভারপ্রাপ্ত অধ্যাপক ছাড়াও ডিন অফ স্টুডেন্টস অ্যাফেয়ার্স, কমিটির অন্য সদস্য, পুলিশের প্রতিনিধি উপস্থিত ছিলেন। সূত্রের খবর অনুযায়ী, বৈঠকে র‍্যাগিং এবং হুমকি দেওয়ায় অভিযুক্ত ২০ জনকে একে একে ডেকে জিজ্ঞাসাবাদ করা হয়। প্রত্যেকের বক্তব্য শোনার পর কমিটি কড়া হাতে পরিস্থিতি মোকাবিলার সিদ্ধান্ত নিয়েছে। পাশাপাশি প্লাজমা অনুষ্ঠানের জন্য চাঁদা আদায় বন্ধ করা এবং এই কমিটি থেকে অভিযুক্ত ডাক্তারি পড়ুয়াদের বাদ দেওয়ার সিদ্ধান্ত হয়েছে। অ্যান্টি র‍্যাগিং কমিটির সদস্য অমিত সরকার বলেছেন, 'বৈঠকে অনেক বিষয়ে আলোচনা হয়েছে। মেডিকেল কলেজ থেকে র‍্যাগিং, হুমকি সংস্কৃতি বিদায় নিক এটাই আমরা চাই।'

# ছোট গাড়ি-বাইক সংঘর্ষে নিহত তরুণ

**নকশালবাড়ি, ১৪ অক্টোবর :** দুধিয়া ঘুরতে গিয়ে ঘরে ফেরা হল না। বাইকের সঙ্গে ছোট গাড়ির মুখোমুখি সংঘর্ষে মৃত্যু হল কমলা চা বাগানের এক তরুণের। মঙ্গলবার নকশালবাড়ি থানার অন্তর্গত অর্ড চা বাগানের কদমা মোড় এলাকায় দুর্ঘটনাটি ঘটে।

এদিন ফাঁসিদেওয়া ব্লকের কমলা চা বাগানের বাসিন্দা দুই বন্ধু বাইকে করে পানিঘাটা ঘুরতে আসেন। বাড়ির ফেরার পথে অর্ড চা বাগানের পাশে ছোট চারচাকার গাড়ির সঙ্গে তাঁদের বাইকের সংঘর্ষ হয়। ঘটনাস্থলে মৃত্যু হয় ফাঁসিদেওয়া কমলা চা বাগানের বাসিন্দা অঙ্কিত মুন্ডার। গুরুতর জখম হন বাইকে থাকা অরুণ মুন্ডা। স্থানীয়রা দুজনকে উদ্ধার করে নকশালবাড়ি গ্রামীণ হাসপাতালে নিয়ে যান। অঙ্কিতকে মৃত ঘোষণা করে চিকিৎসক অরুণকে উত্তরবঙ্গ মেডিকেল কলেজ এবং হাসপাতালে রেফার করেন। গাড়ি দুটি নকশালবাড়ি থানার পুলিশ আটক করেছে। মদ্যপ অবস্থায় গাড়ি চালানোয় এমন ঘটনা ঘটেছে বলে স্থানীয়দের দাবি। যদিও ঘটনার তদন্ত শুরু করেছে নকশালবাড়ি থানার পুলিশ।



*দুর্ঘটনাগ্রস্ত ছোট গাড়ি ও বাইক।*

# ছিনতাই

**নকশালবাড়ি, ১৪ অক্টোবর :** দিনদুপুরে মহিলার গলা থেকে সোনার চেন ছিনতাই করে চম্পট দুই দুষ্কৃতীর। চাঞ্চল্যকর ঘটনাটি নকশালবাড়ি থানার অন্তর্গত দয়ারামজোতের। গোটা ঘটনাটি এলাকার একটি বাড়ির সিসি ক্যামেরায় ধরা পড়েছে। তা খতিয়ে দেখে তদন্ত করছে পুলিশ।

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, মঙ্গলবার নকশালবাড়ির দয়ারামজোতের বাসিন্দা বিশোখা রায় প্রতিবেশীর বাড়িতে গিয়েছিলেন। সেখান থেকে বাড়ি ঢোকার পথেই দুই তরুণ আচমকা বাইকে করে পিছন থেকে এসে গলায় থাকা সোনার চেন ছিনিয়ে নিয়ে চম্পট দেয়। ধাক্কায় ঘটনাস্থলেই পড়ে যান বিশোখা। পরে তিনি নকশালবাড়ি থানায় লিখিত অভিযোগ দায়ের করেন। ইতিমধ্যে পুরো ঘটনার তদন্ত শুরু করেছে নকশালবাড়ি থানার পুলিশ। এনিয়ে বিশোখা বলেন, প্রতিবেশী সুমিত্রা বর্মনের সঙ্গে বাড়ি ফিরছিলাম। বাইকে দুজন এসে গলার সোনার চেন ছিনতাই করে পালায়।

# হেনস্তার অভিযোগ

**শিলিগুড়ি, ১৪ অক্টোবর :** চম্পাসারির ঢাকনিকাটার একটি পরিবারের সদস্যদের শারীরিক হেনস্তার অভিযোগ উঠল। ঘটনায় ওই পরিবারের তরফে প্রধাননগর থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, সোমবার রাতে দিদার সঙ্গে বাড়ি থেকে বেরিয়েছিলেন এক তরুণী। ফেরার পথে কয়েকজন মিলে তাঁকে বাড়িতে টেনে নিয়ে যান এবং মারধর করেন। খবর পেয়ে পরিবারের লোকেরা তাঁকে বাঁচাতে গেলে তাঁদের ওপর চড়াও হন অভিযুক্তরা। অভিযুক্তদের বিরুদ্ধে মঙ্গলবার প্রধাননগর থানায় অভিযোগ দায়ের হয়েছে। সুরজ মাহাতো নামে একজনকে গ্রেপ্তার করা হয়েছে। তাঁকে আদালতে তোলা হলে ১৪ দিনের জেল হেপাজতের নির্দেশ দিয়েছেন বিচারক।


কেন্দ্রীয় হোমিওপ্যাথি গবেষণা পরিষদ
(আয়ুষ মন্ত্রণালয়ের একটি স্বশাসিত সংস্থা, ভারত সরকার)
জওহরলাল নেহরু ভারতীয় চিকিৎসা আয়ুষ হোমিওপ্যাথি অনুসন্ধান ভবন
৬১-৬৫, ইনস্টিটিউশনাল এরিয়া, ডি-ব্লকের বিপরীতে, জনকপুরি, নিউ দিল্লি-১১০০৫৮

বিজ্ঞপ্তি নং :- ১৭৮/২০২৫-২৬ তারিখ :- ১৩.১০.২০২৫

কেন্দ্রীয় হোমিওপ্যাথি গবেষণা পরিষদ, নিউ দিল্লির অন্তর্গত বিভিন্ন সংস্থায় চুক্তিভিত্তিক পদ্ধতিতে নিম্নে উল্লেখিত পদগুলির জন্য আবেদন করার আহ্বান জানানো হচ্ছে :-

| ক্রমিক নং | পদ(গুলির) নাম | পদের সংখ্যা |
|---|---|---|
| ১. | সিনিয়ার রিসার্চ ফেলো (হোমিও) | ০৩ |
| ২. | রিসার্চ অ্যাসোসিয়েট (রসায়নবিদ্যা) | ০১ |
| ৩. | রিসার্চ অ্যাসোসিয়েট (পশুচিকিৎসক) | ০১ |
| ৪. | প্রোজেক্ট অ্যাসোসিয়েট (রসায়নবিদ্যা) | ০১ |
| ৫. | সিনিয়ার রিসার্চ ফেলো (হোমিও) | ০২ |
| ৬. | সিনিয়ার রিসার্চ ফেলো (ডায়েটিশিয়ান) | ০১ |
| ৭. | জুনিয়ার রিসার্চ ফেলো (উদ্ভিদ তত্ত্ববিদ্যা) | ০১ |
| ৮. | সিনিয়ার রিসার্চ ফেলো (উদ্ভিদ তত্ত্ববিদ্যা) | ০১ |
| ৯. | ক্ষেত্র সহায়ক | ০১ |
| ১০. | সিনিয়ার রিসার্চ ফেলো/ জুনিয়ার রিসার্চ ফেলো (ফার্মাকোলজি) | ০১ |
| ১১. | পরামর্শকারী (অ্যাকাউন্টস) | ১৫ |
| ১২. | পরামর্শকারী (আইনি) | ০১ |
| ১৩. | অ্যাসিস্ট্যান্ট ওয়ার্ডেন (পুরুষ এবং মহিলা) | ০২ |

ইন্টারভিউয়ের তারিখ, বদলির স্থান, প্রয়োজনীয় যোগ্যতা, অভিজ্ঞতা, পারিশ্রমিক ইত্যাদি পরিষদের ওয়েবসাইট :- www.ccrhindia.ayush.gov.in-এ উপলব্ধ।

সহকারী পরিচালক (এইচ)/এস-৪/অ্যাডমিন, আই/সি










### বছরভর একই দশা, আশিঘর মোড়ে পথ অবরোধ

# রাস্তা সংস্কারে দায় ঠেলাঠেলি

প্রিয়দর্শিনী বিশ্বাস

**শিলিগুড়ি, ১৪ অক্টোবর :** বেহাল রাস্তা নিয়ে দায় ঠেলাঠেলি। রাস্তা সাড়াইয়ে এগিয়ে আসেনি কোনওপক্ষই। বরং, একে-অপরের ঘাড়ে 'ঝামেলা' ঠেলে দিতে পারলেই যেন এ যাত্রায় রক্ষে! আশিঘর মোড় থেকে ঘোগোমালিমুখী বেহাল রাস্তার একাংশ নিয়ে চলছে এমনই টানাপোড়েন।

রাস্তাটি তাদের অধীন নয় দাবি করে গ্রাম পঞ্চায়েত এসজেডিএ-র ঘাড়ে সংস্কারের দায়িত্ব ঠেলে দিচ্ছে। আবার, এসজেডিএ বলছে, এই রাস্তাটি ডাবগ্রাম-২ গ্রাম পঞ্চায়েতের মধ্যে পড়ছে। আর এই দায় এড়ানোর জাঁতাকলে পিষ্ট হচ্ছেন পথচারী থেকে এলাকাবাসী। কার্যত ক্ষিপ্ত হয়ে স্থানীয়রা মঙ্গলবার আশিঘর মোড়ের ঘোগোমালির অভিমুখের রাস্তায় বাঁশ দিয়ে বেঁধে, বেঞ্চ, চেয়ার পেতে অবরোধ করে সংস্কারের দাবিতে সরব হন।

ইস্টার্ন বাইপাস হয়ে শিলিগুড়ি শহরে প্রবেশের অন্যতম গুরুত্বপূর্ণ এই আশিঘর মোড়। ঘোগোমালি রোড হয়ে সোজা পৌঁছে যাওয়া যায় কর্মব্যস্ত কোর্ট মোড়ে। প্রতিদিন স্কুলবাস, বড়-ছোট গাড়ি, টোটো, অটো সহ প্রায় সবরকম যানবাহন চলাচল করে এই রাস্তা দিয়ে। অথচ, এমন গুরুত্বপূর্ণ মোড়ে প্রবেশের রাস্তাটি প্রায় এক বছর ধরে বেহাল। পুজোর সময় বালি ফেলে গর্ত ভরাট করলেও বৃষ্টিতে গর্তে জল জমে বিপজ্জনক চেহারা নিয়েছে। পাশের নালার জল রাস্তায় উঠে গর্তগুলিতে জমছে। গর্তের গভীরতা বুঝতে না পেরে দুর্ঘটনায় পড়ছে যাত্রীবোঝাই টোটো, বাইক-স্কুটার। জখম হচ্ছে স্কুলপড়ুয়া, পথচলতিরা। অভিযোগ, এতকিছুর পরও না দেখার ভান করে রয়েছে কর্তৃপক্ষ। গ্রাম পঞ্চায়েতে বারবার অভিযোগ জানানো হয়েছে। স্থানীয় পঞ্চায়েত সদস্য প্রতিভা রায়, গ্রাম পঞ্চায়েত প্রধান মিতালি মালাকার, ডাবগ্রাম-ফুলবাড়ির বিধায়ক শিখা চট্টোপাধ্যায়কেও রাস্তার সমস্যা জানানো হলেও সমাধান হয়নি।

অবরোধকারী স্থানীয় ব্যবসায়ী রাজীব দাস বলেন, প্রধানকে লিখিতভাবে জানিয়েছি। বিধায়ক দেখে গিয়েছেন। পঞ্চায়েত সদস্যা সব জানেন। নিকাশি ব্যবস্থা খারাপ হওয়ায় নালার জল রাস্তায় উঠে দুর্গন্ধ ছড়ায়। রাস্তা গর্তে ভরে গিয়েছে। দুর্ঘটনা ঘটছেই।

কৌশিক দাস নামে পথচারী বলেন, এই রাস্তা বহুদিন অবহেলিত। এবার সমাধান চাই। এই বিষয়ে গ্রাম পঞ্চায়েত প্রধান মিতালি মালাকারের বক্তব্য, এই রাস্তাটি এসজেডিএ-র তৈরি করার কথা। তাহলে বারবার গ্রাম পঞ্চায়েতের দিকে আঙুল তোলা হচ্ছে কেন? তবে নিকাশি ব্যবস্থা ঠিক করার জন্য কালভার্টের প্রয়োজন ছিল। পঞ্চায়েত সদস্যের সেটা জানানো উচিত ছিল। আমরা শীঘ্রই কালভার্ট তৈরি করে দেব। তবে এলাকার তৃণমূল পঞ্চায়েত সদস্য প্রতিভা রায়ের দাবি, তিনি প্রধানকে কালভার্ট তৈরির প্রয়োজনীয়তা জানিয়েছিলেন।

এদিকে, এসজেডিএ চেয়ারম্যান দিলীপ দুগার বলেছেন, রাস্তার কাজ এনবিডিডি করে, এসজেডিএ-ও করে। এসজেডিএ-এর ওপর এর দায় চাপিয়ে দেওয়ার কোনও কারণ নেই। তবুও আমরা অভিযোগ শুনেছি। সহমর্মিতার সঙ্গে সমস্যাটি দেখছি। যদিও স্থানীয় ব্যবসায়ীরা জানান, তাঁরা শীঘ্রই মেয়র গৌতম দেবকে রাস্তার সমস্যা সমাধানের দাবি জানাবেন। পরে অবশ্য আশিঘর ফাঁড়ির হস্তক্ষেপে বিক্ষোভ তুলে নেন স্থানীয়রা।





## পথের দাবি

- বছরখানেক ধরে বেহাল আশিঘর মোড়ের একাংশ
- পুজোর সময় বালি ফেলে গর্ত ভরাট
- নালার জল উপচে গর্তে জমছে
- তাতে দুর্ঘটনায় পড়ছে টোটো, স্কুটার
- গ্রাম পঞ্চায়েতকে বারবার বলেও সমাধান হয়নি
- এসজেডিএ রাস্তার এলাকাটি গ্রাম পঞ্চায়েতের বলে দাবি করেছে
- দুইয়ের জাঁতাকালে পিষ্ট পথচারীরা পথ অবরোধ করেন



মঙ্গলবার মিরিকে ধসবিধ্বস্ত এলাকা পরিদর্শনে মুখ্যমন্ত্রী। -মৃণাল রানা

# আগে খাতা নেওয়ায় ধমক সভাপতির

**শিলিগুড়ি, ১৪ অক্টোবর :** নির্দিষ্ট সময়ের আগে পরীক্ষার্থীদের থেকে ওএমআর জমা নেওয়ার ঘটনায় উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদের সভাপতি চিরঞ্জীব ভট্টাচার্যের ধমক খেলেন শিলিগুড়ি গার্লস হাইস্কুলের প্রধান শিক্ষিকা অর্তুহা বাগচী এবং সেদিন ওই ক্লাসে পরীক্ষার দায়িত্বে থাকা ইনভিজিলেটররা। মঙ্গলবার কলকাতার সল্টলেকের বিদ্যাসাগর ভবনে শিলিগুড়ি গার্লস হাইস্কুলের প্রধান শিক্ষিকা এবং ইনভিজিলেটরদের ডেকে পাঠানো হয়েছিল। সূত্রের খবর, এমন দায়িত্বহীন ঘটনার জন্য সকলকে শাস্তি পেতে হবে বলেও এদিন ইঙ্গিত দিয়েছেন সংসদ সভাপতি। এদিকে বিষয়টি নিয়ে জানার জন্য ওই প্রধান শিক্ষিকাকে ফোন করা হলেও তিনি ফোন তোলেননি।

চলতি বছর উচ্চমাধ্যমিকের তৃতীয় সিমেস্টারের ঘোগোমালি হাইস্কুলের কিছু পরীক্ষার্থীর সেন্টার পড়েছিল শিলিগুড়ি গার্লস হাইস্কুলে। অন্য পরীক্ষা ঠিকভাবে পরিচালিত হলেও ফিজিকাল এডুকেশনের পরীক্ষা নিয়ে অভিযোগ জানায় পড়ুয়ারা। তাদের অভিযোগ ছিল, ওই পরীক্ষার দিন ইনভিজিলেটররা ১ ঘণ্টা ১৫ মিনিটের পরিবর্তে ৪৫ মিনিটে ওএমআর জমা নিয়ে নিয়েছিলেন। পরে অবশ্য ভুল বুঝতে পেরে পরীক্ষার্থীদের আবার ক্লাসরুমে ডাকা হয়েছিল। পরীক্ষায় ইনভিজিলেটরদের এই ভুলে পরীক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে ক্ষোভ ছড়ায়। এমনকি ঘোগোমালি হাইস্কুলের প্রধান শিক্ষককেও লিখিতভাবে পরীক্ষার্থীদের একাংশ অভিযোগ জানায়।

বিষয়টি জানাজানি হতেই শিলিগুড়ি শিক্ষা জেলায় পরীক্ষা পরিচালনার দায়িত্বপ্রাপ্ত আধিকারিকরা শিলিগুড়ি গার্লস স্কুলে গিয়ে প্রধান শিক্ষিকা ও ওই ক্লাসরুমের দায়িত্বে থাকা ইনভিজিলেটরদের সঙ্গে কথা বলে সংসদে প্রাথমিক রিপোর্ট পাঠান। তারপর সংসদের তরফে মেল করে দায়িত্বপ্রাপ্ত আধিকারিক ও শিলিগুড়ি গার্লস হাইস্কুলের প্রধান শিক্ষিকা ও ইনভিজিলেটরদের জিজ্ঞাসাবাদের জন্য ডেকে পাঠানো হয়।

**শিলিগুড়ি গার্লস হাইস্কুল**

বিষয়টি নিয়ে চলতি বছর শিলিগুড়ি শিক্ষা জেলায় উচ্চমাধ্যমিকের দায়িত্বপ্রাপ্ত যুগ্ম কনভেনার রাম ছেত্রী বলেন, 'সংসদ থেকে আমাদের কাছে এই পরীক্ষা সংক্রান্ত কিছু প্রশ্ন করা হয়েছিল সেগুলোর উত্তর দিয়েছি।' যদিও ধমকের বিষয়টি নিয়ে তিনি কিছু বলতে চাননি।

## বাড়ি বাড়ি তৃণমূল

**খড়িবাড়ি, ১৪ অক্টোবর :** আগামী বছর বিধানসভা নির্বাচনকে মাথায় রেখে 'মানুষের সাথে, মানুষের পাশে' কর্মসূচি শুরু করল তৃণমূল। মঙ্গলবার খড়িবাড়ির বিন্নাবাড়ি গ্রাম পঞ্চায়েতের কয়েকটি গ্রামে বাড়ি বাড়ি গিয়ে সাধারণ মানুষের অভাব-অভিযোগ শুনলেন তৃণমূল নেতারা। এদিন সকালে বিন্নাবাড়ি গ্রাম পঞ্চায়েতের দেবীগঞ্জ রাধাগোবিন্দ মন্দিরে পুজো দিয়ে কর্মসূচি শুরু করা হয়। এরপর দেবীগঞ্জ, গৌরাঙ্গজোত ও ডাঙ্গুজোত এলাকায় বিভিন্ন দোকান, বাড়ি বাড়ি গিয়ে মানুষের অভাব-অভিযোগ শোনেন তৃণমূল নেতারা। বিকেলে নেপাল সীমান্তের পানিট্যাঙ্কি মার্কেটে একটি পথসভা করা হয়। জেলা তৃণমূল কংগ্রেসের চেয়ারম্যান সঞ্জয় টিব্রুয়াল বলেন, 'মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশেই এই বিশেষ কর্মসূচি নেওয়া হয়েছে। আমরা চাই না যে, কোনও মানুষ সরকারি সুবিধা থেকে বঞ্চিত হন।'

## শ্রমিক নিখোঁজ

**গোয়ালপোখর, ১৪ অক্টোবর :** কলকাতায় কাজে গিয়ে নিখোঁজ গোয়ালপোখর থানার বাঘগাঁও এলাকার এক পরিযায়ী শ্রমিক। নিখোঁজের নাম মহম্মদ বাবলু (২৫)। ১১ অক্টোবর পরিবারের তরফে গোয়ালপোখর থানায় নিখোঁজের অভিযোগ দায়ের করা হয়েছে। বাবলুর কোনও খোঁজ না মেলায় চিন্তিত পরিবারের লোকেরা। পুলিশ তদন্ত শুরু করেছে। স্থানীয় ও পুলিশ সূত্রে জানা গিয়েছে, প্রায় ছয় মাস আগে বাবলু ও তাঁর ছোট ভাই মহম্মদ কাবলু শিয়ালদায় একটি হোটেলে কাজের উদ্দেশ্যে যান। কিছুদিন পর কাবলু কেরলে কাজের জন্য চলে যান। বাবলু থেকে যান শিয়ালদার হোটেলে। কিন্তু বাবলুর কাছে কোনও ফোন ছিল না। ফলে পরিবারের সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায় তাঁর। পরিবারের লোকেরা জানিয়েছেন, শিয়ালদার ওই হোটেলে খোঁজ নিয়েও হদিস মেলেনি বাবলুর। তাঁর বাবা ফাইজুল রহমান বলেন, 'ছেলে বেঁচে আছে না মারা গিয়েছে, তাও জানি না। দুশ্চিন্তায় দিন কাটছে পরিবারের।' স্থানীয় গ্রাম পঞ্চায়েত সদস্য গুলজার হোসেন বলেছেন, 'বাবলুর পরিবারের আর্থিক অবস্থা ভালো নেই। সমস্ত জায়গায় খোঁজ নেওয়ার চেষ্টা চলছে। আমরা পুলিশের কাছে বাবলুকে উদ্ধারের আর্জি জানিয়েছি।'

## রেজিস্ট্রেশন শুরু

**চোপড়া, ১৪ অক্টোবর :** গ্রামীণ এলাকায় টোটো রেজিস্ট্রেশনের ব্যাপারে তৎপরতা শুরু হয়েছে। স্থানীয় বিভিন্ন গ্রাম পঞ্চায়েতের মঙ্গলবার সোনাপুর গ্রাম পঞ্চায়েতের উদ্যোগে টোটোচালকদের নিয়ে একটি বৈঠকের আয়োজন করা হয়েছিল। টোটোচালকদের মধ্যে রেজিস্ট্রেশন সংক্রান্ত ফর্ম বিলি করার পাশাপাশি প্রয়োজনীয় নথিপত্র চাওয়া হয়। চোপড়া গ্রাম পঞ্চায়েত প্রধান জিয়ারুল রহমান বলছেন, 'ইতিমধ্যে ব্লক প্রশাসনের উদ্যোগে বৈঠক হয়েছে। গ্রাম পঞ্চায়েতের তৎপরতায় শুক্রবার ফের এলাকার টোটোচালকদের নিয়ে বৈঠক ডাকা হয়েছে।'

## ফাঁসি দাবি

**বাগডোগরা, ১৪ অক্টোবর :** দুর্গাপুরে ধর্ষণের ঘটনায় দোষীদের ফাঁসির দাবিতে মিছিল করল বিজেপির আঠারোখাই মণ্ডল কমিটি। মণ্ডল কমিটির সভাপতি সুভাষ ঘোষ বলেন, 'এই গণধর্ষণের ঘটনার নিন্দা করার মতো ভাষা নেই। আমরা দলের তরফে আজ রাতে আঠারোখাই এলাকায় প্রতিবাদ মিছিল করেছি। ধর্ষকদের ফাঁসির মতো কঠোর শাস্তির দাবি করছি।'

## পুলিশের বৈঠক

**চোপড়া, ১৪ অক্টোবর :** সোনাপুর গ্রাম পঞ্চায়েত কার্যালয়ে কালীপুজো নিয়ে মঙ্গলবার পুলিশ-প্রশাসনের উদ্যোগে বৈঠক করা হয়। স্থানীয় পুজো কমিটির প্রতিনিধিদের নিয়ে বৈঠকে উপস্থিত ছিলেন চোপড়া থানার আইসি সুরজ থাপা।

## নিষিদ্ধ বাজি ধরতে অভিযান

**চোপড়া, ১৪ অক্টোবর :** কালীপুজোর আগে নিষিদ্ধ বাজির বাড়বাড়ন্ত আটকাতে তৎপর হয়েছে পুলিশ। নিষিদ্ধ বাজি মজুত নিয়ে ব্যবসায়ীদের দোকান ও বাড়িতে হানা দেওয়া শুরু হয়েছে। সোমবার রাতে চোপড়া থানার পুলিশ সোনাপুর গ্রাম পঞ্চায়েতের রামপাড়া-আমবাড়ি এলাকায় এক ব্যক্তির বাড়িতে হানা দিয়ে ৭৪ কিলোগ্রাম আতশবাজি বাজেয়াপ্ত করেছে। যদিও এদিন বাজি উদ্ধার অভিযান ঘিরে গ্রেপ্তারের কোনও খবর নেই। চোপড়া থানার পুলিশ সূত্রে জানানো হয়, কোথাও নিষিদ্ধ বাজি উদ্ধার হলে ব্যবসায়ী বা দোকান মালিকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

## পুলিশ হেপাজত

**চোপড়া, ১৪ অক্টোবর :** অবৈধ বালি খাদানে অভিযান চালিয়ে সোমবার সোনাপুর নলবাড়ি এলাকার বাসিন্দা মহম্মদ আজাসকে গ্রেপ্তার করে চোপড়া থানার পুলিশ। ধৃতকে মঙ্গলবার ইসলামপুর আদালতে পাঠানো হয়। বিচারক ৩ দিনের পুলিশ হেপাজতের নির্দেশ দিয়েছেন। চোপড়া থানা পুলিশ সূত্রে জানানো হয়, এলাকার বিভিন্ন জায়গার অবৈধ খাদানে নিয়মিত অভিযান চলছে।

## পর্যটনকেন্দ্রের ভাবনা মমতার

**শিলিগুড়ি, ১৪ অক্টোবর :** পশুপতি এবং সুখিয়াপোখরির মাঝে লামাহাটার মতো পর্যটনকেন্দ্রের ভাবনা শোনা গেল মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের গলায়। মঙ্গলবার তাঁকে বলতে শোনা যায়, পশুপতি এবং সুখিয়াপোখরির মাঝে লামাহাটার মতো পর্যটনকেন্দ্র হতে পারে। এটা করা গেলে এখানে অনেক হোমস্টেও তৈরি হবে। এখানকার অর্থনীতি অনেকটাই উন্নত হবে। এদিন তিনি সুখিয়াপোখরি, পশুপতি হয়ে মিরিকে গিয়েছিলেন।

## বই, খাতা বিলি

**শিলিগুড়ি, ১৪ অক্টোবর :** সম্প্রতি প্লাবন পরিস্থিতিতে বই, খাতা ভেসে গিয়েছে পোড়াঝাড় এলাকার অনেক পড়ুয়ার। মঙ্গলবার সেই পড়ুয়াদের পাশে দাঁড়িয়ে তাদের হাতে পড়াশোনার জিনিস তুলে দিল এসএফআইয়ের শিলিগুড়ি আঞ্চলিক কমিটি। কমিটির সদস্যরা শিক্ষার সামগ্রীর পাশাপাশি মহিলাদের হাতে স্যানিটারি ন্যাপকিনও তুলে দেন। ভবিষ্যতেও ক্ষতিগ্রস্তদের পাশে থাকার বার্তা দেন কমিটির সভাপতি অভিষেক সাহা রায়, এসএফআইয়ের দার্জিলিং জেলা সম্পাদক অঙ্কিত দে সহ নেতা ও কর্মীরা।

## ধৃত তিন

**শিলিগুড়ি, ১৪ অক্টোবর :** অপরাধমূলক কাজের উদ্দেশ্যে জড়ো হওয়ার অভিযোগে পানিট্যাঙ্কি ফাঁড়ির পুলিশ তিন দুষ্কৃতীকে গ্রেপ্তার করেছে। পুলিশ জানিয়েছে, ধৃতদের নাম সন্দীপ মাহাতো, রাম ঘোষ এবং সৈনিক নন্দী। সোমবার গভীর রাতে এয়ারভিউ মোড়ের কাছে মহানন্দা সেতুর নীচ থেকে এই তিনজনকে গ্রেপ্তার করা হয়। ধৃতদের মঙ্গলবার শিলিগুড়ি আদালতে তোলা হলে বিচারক তিনজনকে জেল হেপাজতের নির্দেশ দেন।



পাঠকের লেন্সে
8597258697
picforubs@gmail.com

খুশির খোঁজে।। দুর্যোগে ক্ষতিগ্রস্ত চরচরাবাড়িতে ছবিটি তুলেছেন সত্যজিৎ চক্রবর্তী।

## বাইক চুরি, গ্রেপ্তার ১

**নকশালবাড়ি, ১৪ অক্টোবর :** বাইক চুরির এক মাস পরে গ্রেপ্তার এক তরুণ। গত ১৩ সেপ্টেম্বর নকশালবাড়ি গ্রামীণ হাসপাতালের জরুরি বিভাগের সামনে থেকে বাইকটি চুরি হয়েছিল। বাইক মালিক বিশাল বাসফোর থানায় অভিযোগ জানালেও হাসপাতালের জরুরি বিভাগের সামনের সিসিটিভি ক্যামেরা বিকল থাকায় পুলিশকে তদন্তে বেগ পেতে হয়। শেষপর্যন্ত সোমবার নকশালবাড়ির জাবড়া ডিভিশন থেকে প্রশান্ত মুন্ডাকে গ্রেপ্তার করে পুলিশ। বাইক চুরিতে প্রশান্ত যুক্ত বলে পুলিশের দাবি। শিলিগুড়ি মহকুমা আদালতের বিচারক মঙ্গলবার ধৃতকে চারদিনের পুলিশ হেপাজতে পাঠানোর নির্দেশ দেন।

# কাটা গাছের 'ঘা'-তে মলম পূর্ত দপ্তরের



এসএফ রোডে শতাব্দীপ্রাচীন গাছ। -ফাইল ছবি

রাহুল মজুমদার

**শিলিগুড়ি, ১৪ অক্টোবর :** শিলিগুড়ি শহরকে ফের সবুজ করে তুলতে বড় পদক্ষেপ রাজ্য সরকারের। শহরের স্টেশন ফিডার রোড, হিলকার্ট রোড, বিধান রোডে গাছ লাগাতে পুরনিগমকে ১৮ লক্ষ টাকা বরাদ্দ করেছে রাজ্য পূর্ত দপ্তর। মাসখানেক আগে এই বরাদ্দ দেওয়া হয়েছে পুরনিগমকে। যদিও যে রাস্তায় গাছ লাগাতে টাকা দেওয়া হয়েছে সেখানে কীভাবে গাছ লাগানো সম্ভব তা নিয়ে প্রশ্ন তুলেছে বিরোধীরা। কেননা কয়েক মাস আগে এই তিনটি রাস্তার সম্প্রসারণ করতে গিয়ে একাধিক বড় গাছ সরিয়ে ফেলা হয়। যেগুলি অন্যত্র বসানো হয়েছে। বেশকিছু গাছ কাটা পড়েছে বলে অভিযোগ। এনিয়ে তপ্ত হয়েছিল শহরের রাজনীতি।

এদিকে গাছ লাগানো নিয়ে প্রশ্ন তুলেছে বিরোধীরা। তাদের কথায়, যে রাস্তাগুলিতে গাছ লাগানোর জন্য বরাদ্দ এসেছে সেই রাস্তাগুলিতে কীভাবে গাছ লাগানো হবে? রাস্তা চওড়া করার সময় তো পেভার্স ব্লক বসিয়ে দেওয়া হয়েছে। গাছ লাগাতে হলে পেভার্স ব্লক সরাতে হবে। না সরালে ওই রাস্তাগুলিতে খুব বেশি গাছ লাগানো সম্ভব হবে না। শিলিগুড়ি পুরনিগমের বিরোধী দলনেতা অমিত জৈনের বক্তব্য, 'গাছ লাগানোর জন্যে রাজ্য সরকার টাকা তো দিয়েছে। কিন্তু আদৌ কি ওই রাস্তাগুলিতে গাছ লাগানো যাবে। সব তো পেভার্স ব্লক বসিয়ে দেওয়া হয়েছে।' বিরোধী দলনেতার এই বক্তব্যের পর বিষয়টি নিয়ে জানতে শিলিগুড়ি পুরনিগমের পরিবেশ বিভাগের মেয়র পারিষদ সিক্তা দে বসু রায়ের সঙ্গে যোগাযোগ করার চেষ্টা করা হলে তিনি ফোন ধরেননি। এসএমএসেরও কোনও জবাব দেননি। তাই এনিয়ে তাঁর কোনও মন্তব্য পাওয়া যায়নি।

এই তিনটি রাস্তা সম্প্রসারণের সময় গাছ কাটা নিয়ে বিতর্ক তৈরি হতেই শিলিগুড়ি পুরনিগমের কর্তারা আসরে নেমেছিলেন। স্থানান্তরিত করা গাছগুলি কেমন রয়েছে, তা খতিয়ে দেখা হয় সেসময়। পাশাপাশি পূর্ত দপ্তরের সঙ্গে আলোচনা করে ঠিক হয় যে গাছগুলি এখনও এই তিন রাস্তায় রয়ে গিয়েছে, তা আর কাটা যাবে না। বড় গাছ বাঁচাতে প্রয়োজনে রাস্তা ঘুরিয়ে দিতে হবে। এরপরেই এসএফ রোডের বেশ কিছু গাছ বাঁচিয়ে রাস্তা সম্প্রসারণ করা হয়। সেসময়ই পূর্ত দপ্তরের তরফে জানানো হয়েছিল নতুন করে বৃক্ষরোপণের জন্য অর্থবরাদ্দ করা হবে। সেইমতো অর্থবরাদ্দ করল তারা।

### একসুরে উচ্চারিত পাঁচ ওয়াক্ত নমাজ ও কালীমন্ত্র

# সম্প্রীতির পুজো রাজগঞ্জে

রামপ্রসাদ মোদক

**রাজগঞ্জ, ১৪ অক্টোবর :** যে বাড়িতে রীতিমতো পাঁচ ওয়াক্ত নমাজ পড়া হয়, সেই বাড়িতেই আবার উচ্চারিত হয় কালীপুজোর মন্ত্র! কার্তিক মাসের অমাবস্যায়, দীপাবলির রাতে রাজগঞ্জের আমিন হোসেনদের বাড়ি হয়ে ওঠে সাম্প্রদায়িক সম্প্রীতির এক জলজ্যান্ত উদাহরণ।

আমিনদের পারিবারিক এই কালীপুজো শুরু হয়েছিল ১৯৩০ সালে। আমিনের ঠাকুরদা বিহারু মহম্মদ এই পুজো শুরু করেছিলেন। তিনি তো নিজের হাতেই পুজো করতেন। তবে আমিনরা অবশ্য এখন আর নিজেরা পুজো করেন না। মন্ত্রোচ্চারণ করেন পুরোহিত। আর পুজোর জোগাড়যন্ত্র করেন তাঁরাই। আর দিনকয়েক পরেই কালীপুজো। আপাতত তার জোগাড়যন্ত্রে ব্যস্ত আমিনের পরিবার। এই পুজোর শুরুয়াত নিয়ে কথা হচ্ছিল তাঁর সঙ্গে। জানালেন, তাঁদের মতো ধর্মপ্রাণ মুসলিম পরিবারে কালীপুজোর প্রচলনের পিছনে নাকি দৈব কাহিনী জড়িয়ে রয়েছে।

কী সেই কাহিনী? আমিন তাঁর বাবার মুখ থেকে শুনেছেন সেই গল্প। বিহারু নাকি একসময় প্রায় ২০টি মামলায় জর্জরিত হয়ে পড়েছিলেন। সেইসব মামলার কাজেই একদিন তিনি গোরুর গাড়িতে চেপে জলপাইগুড়িতে যাচ্ছিলেন। পথিমধ্যে জটিয়াকালী মোড়ে দেখেন কালিকারূপী দুটি মূর্তি। এরপর ওই দুজন কোথায় গেলেন এসব প্রশ্নের জবাব দেওয়ার মতো আর কেউ নেই। তবে শেষপর্যন্ত যে মামলার কাজে যাচ্ছিলেন, সেই মামলায় জয় পান বিহারু। তাঁর মনে বিশ্বাস জন্মে যায়, কালীর কৃপাতেই সেই জয়। রাতে আবার কালীপুজো করতে স্বপ্নাদেশও পান।

তারপর থেকেই শুরু এই পুজো। কয়েক দিনের মধ্যে সমস্ত আয়োজন সম্পন্ন করে বিহারু জোড়া কালী প্রতিমার পুজো করেন এবং জোড়া ছাগবলি দেন। তারপরেও আমিনদের পরিবারের সদস্যরা নাকি বিভিন্ন মামলায় জয় পেয়েছেন এই কালীর কৃপাতেই। এমন বিশ্বাস দৃঢ় হয়ে গেঁথে রয়েছে তাঁদের মনে। প্রাচীন রীতি মেনে আজও জোড়া কালী প্রতিমায় পুজো দেওয়া হয়। জোড়া ছাগবলি দেওয়া হয়।

আমিন বলছিলেন, 'বর্তমানে আমি পুজোর সমস্ত ব্যয় বহন করি। পুজোর দিন নিয়মরীতি মেনে, উপোস থেকে পুজোর আয়োজন করি।'

আমিনরা যেখানে থাকেন, সেই এলাকা মুসলিম অধ্যুষিত। তা সত্ত্বেও আশপাশের সকলেই এই পুজোর আয়োজনে সাহায্যের হাত বাড়িয়ে দেন। স্থানীয় বাসিন্দা মোস্তাফা আহমেদ বলেন, 'বাংলায় আমরা সমস্ত সম্প্রদায় ভাই-ভাই। এই পুজো তার প্রমাণ দেয়।' পাগলারহাটের তরুণ সুব্রত রায়ের মুখেও শোনা গেল সেই সম্প্রীতির কথাই। বললেন, 'এমন ঘটনা গোটা রাজ্যে বিরল।'

এদিকে, লক্ষ্মীপুজোর পর স্থানীয় বিহারুরহাটে বড় মেলার আয়োজন করা হয়। ছোট-বড় মিলিয়ে শ-দুয়েক দোকান বসে। সেখানেও হিন্দু-মুসলিম নির্বিশেষে সকলে অংশ নেন।



বিহারুহাটের জোড়া কালীমূর্তি। -সংবাদচিত্র

> বর্তমানে আমি পুজোর সমস্ত ব্যয় বহন করি। পুজোর দিন নিয়মরীতি মেনে, উপোস থেকে পুজোর আয়োজন করি।
>
> আমিন

# উৎসবেও অন্ধকারে আতশবাজি শ্রমিকরা

সৌরভ রায়

**ফাঁসিদেওয়া, ১৪ অক্টোবর :** আর কয়েকদিন পরেই আলোর উৎসব। চারিদিক রোশনাইয়ে সেজে উঠবে। আর এই দীপাবলিকে অন্যমাত্রা দেয় বিভিন্ন আতশবাজি। কিন্তু যাঁরা এই আতশবাজি তৈরি করেন তাঁদের জীবনে যেন পুরু অন্ধকার।

একাধিক নিয়মের কারণে আটকে গিয়েছে উত্তরবঙ্গের অন্যতম বাজি কারখানার শ্রমিকদের আয়ের উৎস। ২০২৩-এর আগে যেখানে ১৫-২০ জন শ্রমিক কাজ করতেন সেই কারখানাতেই এই বছর মাত্র তিনজন শ্রমিক কাজ করছেন। গত বছরও মাত্র ৪ জন শ্রমিক কাজ করেছিলেন। শিলিগুড়ির গ্রামীণ এলাকার ফাঁসিদেওয়া ব্লকের হাতিরামজোতে রয়েছে এই আতশবাজির কারখানা। কয়েক বছর আগেও দীপাবলির আগে চরম কর্মব্যস্ততা থাকত এই কারখানায়। তবে ২০২৩ সাল থেকে 'নিরির' নিয়ম কার্যকর হওয়ার পর জায়গার অভাবে বেশি আতশবাজি তৈরি করতে পারছে না কর্তৃপক্ষ। ফলে বেশি শ্রমিককেও কাজে নিতে পারছে না তারা। এতেই কর্মচ্যুত হতে হয়েছে একাধিক শ্রমিককে।

যদিও এরই মধ্যে এই শ্রমিকদের আশার আলো দেখিয়েছে রাজ্যে বাজি ক্লাস্টার তৈরির ঘোষণা। সম্প্রতি রাজ্যের মুখ্যমন্ত্রী প্রাথমিক পর্যায়ে রাজ্যের ৬ জেলাতে বাজি ক্লাস্টার তৈরির ঘোষণা করেছেন। যার মধ্যে রয়েছে দার্জিলিংও। বাজি ক্লাস্টার তৈরির জন্য জেলার ফাঁসিদেওয়া ব্লকের লিউসিপাকড়ি সংলগ্ন তিস্তা ক্যানালের ফল হাইড্রাল প্রোজেক্টের কাছেই জমিও চিহ্নিত করা হয়েছে। সেটি তৈরি হলে এবং সেখানে জায়গা পেলে এই বাজি কারখানার শ্রমিকরা লাভবান হবেন বলেই মনে করছেন কারখানার কর্ণধার জয়ন্ত সিংহ রায়।

১৯৯৮ সাল নাগাদ রাজ্য এবং কেন্দ্র সরকারের খাদি ও গ্রামীণ শিল্পের আওতায় হাতিরামজোতে এই আতশবাজি কারাখানা শুরু হয়েছিল। তারপর থেকে সব ঠিকঠাক চললেও ২০২৩ সালের অক্টোবরে সিএসআরআই-এনআইআইআরআই মাত্র তিন প্রকারের আতশবাজি তৈরির অনুমোদন দেয়। গ্রামের মহিলারা এই আতশবাজি কারখানায় কাজ করেন। এই কারখানাতেই দীর্ঘদিন ধরে কাজ করতেন শিউলি মণ্ডল। তবে এই বছর কাজ পাননি তিনি। শিউলি বললেন, 'বাজি মজুত করার জায়গা নেই। সেই কারণে কাজ পাইনি। বাজি ক্লাস্টার তৈরি হলে, আমরা আবার কাজ পাব।'

এই বছর যে তিনজন কাজ করছেন তাঁদের মধ্যে চিকন সিংয়ের বক্তব্য, 'আগের মতো কাজ নেই। এই কাজই আমাদের আয়ের একমাত্র উৎস। মুখ্যমন্ত্রী বাজি ক্লাস্টারের কারখানায় জায়গা দিলে আমাদের কাজ বাড়বে। আপাতত সেই আশাতেই রয়েছি।' একই কথা বললেন অপর এক কর্মরত শ্রমিক মহম্মদ আবুলও।



আতশবাজি তৈরিতে ব্যস্ত শ্রমিকরা। -সংবাদচিত্র

# আলোর উৎসবে চাহিদা রঙ্গোলির

তমালিকা দে

**শিলিগুড়ি, ১৪ অক্টোবর :** দীপাবলি আসন্ন। আলোর উৎসবে মাতবে গোটা দেশ। মোমবাতি, প্রদীপে সেজে উঠবে ঘরবাড়ি। অবাঙালিদের কাছে আবার দীপাবলি মানেই রঙ্গোলি আঁকা। তবে, এই রীতি এখন আর অবাঙালিদের মধ্যে সীমাবদ্ধ নেই, বাঙালিরাও সাদরে গ্রহণ করেছে। এমনকি বিগত কয়েক বছরে শিলিগুড়িতে রঙ্গোলির জনপ্রিয়তা এতটাই বেড়েছে যে, দুর্গাপুজো শেষ হলেই লক্ষ্মীলাভের আশায় শহরের বিভিন্ন বাজারে উত্তরপ্রদেশ থেকে রঙ্গোলির সরঞ্জাম বিক্রি করতে ছুটে আসেন বিক্রেতারা।

দীপাবলির আগে শেঠশ্রীলাল মার্কেট, বিধান মার্কেট, মহাবীরস্থানে গেলে দেখা যায়, নিজেদের দোকানের সামনের রাস্তায় নানারকম নকশাবিশিষ্ট রঙ্গোলি এঁকেছেন ব্যবসায়ীরা। চলতি বছরেও গুঁড়ো রং ও ছাঁচের পসরা সাজিয়ে বসেছেন সৈয়দ, রজত, মোহিমরা। দীপাবলির প্রাক্কালে শহরবাসীর অনেকেই ওই দোকানগুলো থেকে উৎসাহের সঙ্গে রঙ্গোলির সামগ্রী কিনছেন।

উৎসবের মরশুমে একাধিক বাজারে যেমন আলোর ঝলকানি, তেমনই রাস্তার শোভা বাড়াচ্ছে রঙ্গোলি। শিলিগুড়ির বাজারে রঙ্গোলির চাহিদা অনেকটাই বেশি বলে জানালেন সৈয়দ আলি। তিনি কানপুর থেকে এসেছেন। তাঁর কথায়, 'আগে দীপাবলির আগে পশ্চিমবঙ্গের মধ্যে শুধু কলকাতায় ঘুরে ঘুরে রঙ্গোলির সামগ্রী বিক্রি করতাম। তবে কয়েক বছর ধরে শিলিগুড়িতে আসছি, কারণ এখানে চাহিদা বেশি।'

আপাতত উত্তরপ্রদেশ থেকে কুড়িজনের একটি দল শিলিগুড়িতে এলেও, চলতি সপ্তাহে আরও কিছু ব্যবসায়ী আসবেন বলে জানা যাচ্ছে। শেঠশ্রীলাল মার্কেটে পসরা সাজিয়ে বসেছেন রজত হাসান। তিনি রবিবার শিলিগুড়িতে এসে পৌঁছেছেন। তাঁর বক্তব্য, 'প্রথম দিনেই দেখছি ক্রেতাদের মধ্যে আগ্রহ অনেকটা বেশি। এবার প্রায় পনেরো রকমের রং এনেছি। এছাড়াও ছোট, মাঝারি, বড় আকারের বিভিন্ন ছাঁচ রয়েছে।'

বিক্রেতাদের সঙ্গে কথা বলে জানা গেল, একশো গ্রামের প্রতি প্যাকেট রংয়ের দাম কুড়ি টাকা। এছাড়া ক্রেতারা চাইলে খোলা রং কিনতে পারবেন। কীভাবে রঙ্গোলি তৈরি করতে হবে, তা শিখিয়ে দিচ্ছেন বিক্রেতারাই। ছাঁচের মধ্যে রং ঢেলে দিলে কয়েক মিনিটেই আকর্ষণীয় সব নকশা ফুটে উঠছে।

বিধান মার্কেট থেকে রং কিনছিলেন দেশবন্ধুপাড়ার বাসিন্দা পিয়ালি ভৌমিক। তাঁর মতে, রঙ্গোলি তৈরি একেবারেই কঠিন কাজ নয়। তিনি বললেন, 'ছাঁচ থাকলে বাড়ির বাচ্চারাও বানাতে পারবে। দেখতেও খুব সুন্দর লাগে।' মেয়ের আবদারে রঙ্গোলির সামগ্রী কিনেছেন প্রধাননগরের দেবব্রত দত্ত। তাঁর বক্তব্য, 'মোমবাতি, প্রদীপ তো জ্বালাবই। সঙ্গে বাড়ির সামনে রঙ্গোলি সাজালে তো ক্ষতি নেই। পুরোটাই তো উৎসবেরই অংশ।'



*শিলিগুড়ির বিধান মার্কেটে রঙ্গোলির পসরা।*

## গাড়ি আটকে হেনস্তা

**শিলিগুড়ি, ১৪ অক্টোবর :** ঋণের কিস্তি মেটাননি, তাই বাইক নিয়ে এসে রাস্তার মাঝে চারচাকার গাড়ি আটকান এক বেসরকারি ঋণ প্রদানকারী সংস্থার কয়েকজন কর্মী। অভিযোগ, এরপর তাঁরা সেই গাড়িতে আঘাত করেন। সোমবার সন্ধ্যায় সেবক রোডে এই ঘটনার জেরে ব্যাপক যানজট সৃষ্টি হয়।

মঙ্গলবার মাটিগাড়ার বাসিন্দা সন্তোষ সিংহ বলছিলেন, 'দুটি কিস্তি বাকি রয়েছে। সেজন্য আমার পরিবারকে মাঝ রাস্তায় দাঁড় করিয়ে গালিগালাজ করে কয়েকজন। হেনস্তা করে। এমনকি ওরা টাকার জন্য গাড়ির পিছুধাওয়া করেছিল। কিস্তি তোলার নামে গুন্ডামি করা হয়েছে।' আইনত ব্যবস্থা নেওয়ার হুঁশিয়ারি দিয়েছেন সন্তোষ। ঝামেলা দেখে আশপাশে কর্তব্যরত ট্রাফিক পুলিশকর্মীরা ঘটনাস্থলে যান। সে সময় গাড়িতে ছিলেন সন্তোষের ভাইপো জয়দীপপ্রসাদ সিংহ। তিনি বলছেন, 'গাড়িতে আমার বাচ্চা আর মা ছিল। পুলিশ ঘটনাটি দেখেছে।'

## ছাত্র-যুব উৎসব

**ইসলামপুর, ১৪ অক্টোবর :** ভারতের গণতান্ত্রিক যুব ফেডারেশন ও ভারতের গণতান্ত্রিক ছাত্র ফেডারেশনের উদ্যোগে কবি সুকান্ত ভট্টাচার্যের জন্মশতবর্ষ উপলক্ষ্যে মঙ্গলবার ইসলামপুরে ছাত্র-যুব উৎসবের আয়োজন করা হয়েছিল। ইসলামপুর গার্লস হাইস্কুলে এদিন এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। বসে আঁকো, নজরুলগীতি, রবীন্দ্রসংগীত, নৃত্য, ক্যারাটে সহ বিভিন্ন প্রতিযোগিতায় প্রচুর প্রতিযোগী অংশ নিয়েছেন। আয়োজকরা জানিয়েছেন, ছাত্র এবং যুবদের মেধা বিকাশের লক্ষ্যেই তাঁদের এই আয়োজন।


*মায়ের হাতে দেবীর রূপদান। শিলিগুড়িতে মঙ্গলবার। সঞ্জীব সূত্রধরের তোলা ছবি।*

# জওয়ানের মৃত্যুতে প্রশ্ন

**শিলিগুড়ি, ১৪ অক্টোবর :** মঙ্গলবার সশস্ত্র সীমা বল (এসএসবি)-এর এক জওয়ানের রহস্যমৃত্যু ঘিরে চাঞ্চল্য ছড়িয়েছে শিলিগুড়িতে। শিলিগুড়ি জংশন এলাকা থেকে ওই জওয়ানের মৃতদেহ উদ্ধার হয়েছে। এদিন ভোরে দেহটি রাস্তায় পড়ে থাকতে দেখে প্রধাননগর থানায় খবর দেন পথচলতিরা। মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে নিয়ে যাওয়া হয়। কীভাবে মৃত্যু হল, তা এখনও পরিষ্কার নয়। প্রত্যক্ষদর্শীরা জানান, মৃতের হাতে, পায়ে, নাকে ব্যান্ডেজ বাঁধা ছিল। ওই জওয়ানের ব্যাগ থেকে মদের বোতলও পাওয়া গিয়েছে বলে জানিয়েছে পুলিশ।

শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের ডিসিপি ইস্ট রাকেশ সিং বলেন, 'ময়নাতদন্তের রিপোর্ট পাওয়ার পরই তাঁর মৃত্যুর প্রকৃত কারণ জানা যাবে।'

পুলিশ জানিয়েছে, মৃত জওয়ান অভিষেক রাজ (৩৫) বিহারের চম্পারনের বাসিন্দা। তিনি এসএসবি'র শিলিগুড়ি ফ্রন্টিয়ারের ৬৯ ব্যাটালিয়নের সদস্য হিসেবে সিকিমে কর্মরত ছিলেন। সোমবার তিনি নিউ জলপাইগুড়িতে থাকা এসএসবির ক্যাম্পে গিয়েছিলেন। জানা গিয়েছে, গত সোমবার দুপুরে ক্যাম্পে অন্য জওয়ানের সঙ্গে ঝামেলায় জড়িয়েছিলেন অভিষেক। তাঁদের সঙ্গে হাতাহাতির জেরে তাঁর হাতে-পায়ে কিছু চোট লাগলে, ক্যাম্পের তরফে তাঁকে শিলিগুড়ি জেলা হাসপাতালে ভর্তি করা হয়।

সেদিন রাতেই হাসপাতাল থেকে বেরিয়ে যেতে চেয়েছিলেন তিনি। পুলিশ সূত্রে খবর, তিনি হাসপাতালে বন্ড সই করে নিজের দায়িত্বে ছুটি নিয়ে বেরিয়ে গিয়েছিলেন। হাসপাতাল থেকে বেরিয়ে পূর্ব পরিচিত এক টোটোচালককে ডেকেছিলেন অভিষেক। রাত সাড়ে দশটা নাগাদ টোটোতে চেপে তিনি চলে যান। সিসিটিভি ফুটেজ দেখে টোটোচালককে জিজ্ঞাসাবাদের জন্য ডেকেছিল পুলিশ। টোটোচালক জানান, অভিষেক সিকিম যাবেন বলে তাঁকে জানিয়েছিলেন। তবে রাতে সিকিমের গাড়ি না থাকায়, তাঁকে রাত ১২টা নাগাদ জংশন চত্বরেই ছেড়ে দেন টোটোচালক।

এনিয়ে এসএসবি'র জনসংযোগ আধিকারিক দুষ্যন্ত গৌড় বলেন, 'জওয়ান ছুটিতে ছিলেন। তাঁর মৃত্যুর খবর পেয়েছি। ঘটনাটা খতিয়ে দেখছি।'

## মেলা আয়োজনে এসওপি, কড়া হচ্ছে পুরনিগম

**শিলিগুড়ি, ১৪ অক্টোবর :** মেলা আয়োজন নিয়ে আরও কড়া হচ্ছে শিলিগুড়ি পুরনিগম। এবার থেকে মেলা কমিটিকে অনুমতি নিতে হলে মানতে হবে এসওপি (স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিওর)। পুরনিগমই গাইডলাইন তৈরি করে দেবে এবং সেটা মানা হলেই মিলবে অনুমতি।

৫১তম মেয়র পারিষদ বৈঠকে এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছিল। তারপর বোর্ড মিটিংয়ে প্রস্তাব আকারে পেশ করে পাশ করানো হয়। ইতিমধ্যে কাজ শুরু করেছে পুরনিগম কর্তৃপক্ষ। ছোট-বড় প্রত্যেকটি মেলা কমিটিকেই এসওপি অনুযায়ী চলতে হবে। শিলিগুড়ির ডেপুটি মেয়র রঞ্জন সরকারের বক্তব্য, 'রাজ্যের সঙ্গে কথা বলে তৈরি করা হচ্ছে এসওপি।'

পুরনিগম এলাকায় সারাবছর একাধিক মেলা বসে। সরকারি ও বেসরকারি তরফে মেলাগুলো হয় শহরের বিভিন্ন জায়গায়। কিন্তু বেশিরভাগ ক্ষেত্রেই অগ্নিনির্বাপণ ব্যবস্থায় খামতি থাকে। কোথাও আবার গাড়ি পার্কিংয়ে ব্যাপক সমস্যা হয়। বহু মেলায় পরিবেশবান্ধব সামগ্রী ব্যবহার হয় না বলে অভিযোগ ওঠে। সবাইকে নিয়মে বাঁধতে চাইছে প্রশাসন। সেই উদ্দেশ্যেই এসওপি তৈরির ভাবনা।

কী থাকছে সেখানে?

পুরনিগমের আগে পুলিশ, দমকল বিভাগ, বিদ্যুৎ বণ্টন সংস্থার থেকে অনুমতি নিতে হবে। মেলা প্রাঙ্গণে প্রয়োজনীয় অগ্নিনির্বাপণ ব্যবস্থা রাখতে হবে। যেখানে মেলা হবে, সেখানে যেন পর্যাপ্ত গাড়ি পার্কিং এবং ট্রাফিক ম্যানেজমেন্টের ব্যবস্থা করা হয়। গত বছর শিলিগুড়ির হিন্দি হাইস্কুল মাঠে বৈশাখীমেলার আয়োজন করেছিল একটি কমিটি। একই সময়ে আরও একটি কমিটি গান্ধি ময়দানে মেলা বসায়। হিন্দি হাইস্কুলের মাঠের কমিটিকে অনুমতি দেওয়া হলেও পরবর্তীতে পুরনিগম তা বাতিল করে। ট্রাফিক ও যানজট সংক্রান্ত সমস্যা কারণ হিসেবে দেখিয়ে অনুমতি বাতিল করা হয়।

এদিকে, বিভিন্ন জায়গা থেকে ব্যবসায়ীরা চলে এসেছিলেন। অনেকের দোকান তৈরি করে সামগ্রী সাজানোও হয়ে গিয়েছিল। এই নিয়ে ব্যাপক বিতর্কের জন্ম হয়। ভবিষ্যতে এধরনের বিতর্ক এড়াতে তাই নির্দিষ্ট গাইডলাইন তৈরি হচ্ছে। এসওপি অনুযায়ী সমস্ত মানদণ্ড পূর্ণ হলেই অনুমতি মিলবে।

## পুজোর বৈঠক

**ইসলামপুর, ১৪ অক্টোবর :** কালীপুজো, ছট ও জগদ্ধাত্রীপুজোর প্রস্তুতি খতিয়ে দেখতে মঙ্গলবার জরুরি বৈঠক ডাকল ইসলামপুর মহকুমা প্রশাসন। মহকুমা শাসকের বিবেকানন্দ সভাকক্ষে বৈঠকের আয়োজন করা হয়েছিল। মহকুমা শাসক প্রিয়া যাদব, ইসলামপুর পুরসভার চেয়ারম্যান কানাইয়ালাল আগরওয়াল, পুলিশের আধিকারিক, দমকল বিভাগ সহ বিভিন্ন ব্লকের বিডিওরাও বৈঠকে যুক্ত ছিলেন। মহকুমা শাসক জানিয়েছেন, এই বছর থেকে দুর্গাপুজোর মতো কালীপুজোর জন্যও আসান পোর্টালে অনলাইন আবেদন করতে হবে।

## জেল হেপাজত

**শিলিগুড়ি, ১৪ অক্টোবর :** বিয়ের প্রতিশ্রুতি দিয়ে ধর্ষণ, গর্ভপাত সহ একাধিক অভিযোগের ভিত্তিতে সোমবার মাটিগাড়া থানার পুলিশ এক চিকিৎসককে গ্রেপ্তার করে। এক মহিলার অভিযোগের ভিত্তিতে ওই চিকিৎসককে গ্রেপ্তার করা হয়েছে বলে জানা গিয়েছে। ধৃতকে মঙ্গলবার শিলিগুড়ি মহকুমা আদালতে তোলা হলে ১৪ দিনের জেল হেপাজতের নির্দেশ দেয় আদালত।

# মাটিগাড়া হাট ঘিরে অবৈধ পার্কিং চক্র

**শিলিগুড়ি, ১৪ অক্টোবর :** হাটবারে দূরদূরান্ত থেকে মানুষ এখানে আসেন। তবে হাটের আশপাশে নির্দিষ্ট কোনও পার্কিংয়ের ব্যবস্থা নেই। ফলে বছরের পর বছর ধরে সাধারণ মানুষকে দুর্ভোগ পোহাতে হয়। ছবিটি মাটিগাড়া হাটের। সঠিক পার্কিংয়ের ব্যবস্থা না থাকায় এলাকায় অবৈধ পার্কিংচক্র গজিয়ে উঠেছে। জায়গা না থাকায় অনেকে হাট সংলগ্ন গলিগুলিতে গাড়ি পার্ক করেন। সেই সুযোগে এলাকার কিছু মানুষ টাকা দাবি করেন। তাই হাটের আশপাশে গাড়ি ও বাইক পার্কিংয়ের ব্যবস্থা করার দাবি জানিয়েছেন ব্যবসায়ী, ক্রেতারা।

এই হাটকে কেন্দ্র করে হাজারেরও বেশি মানুষের সমাগম হয়। পার্কিংয়ের সুষ্ঠু ব্যবস্থা না থাকায় খাপরাইল থেকে বিশ্বাস কলোনি পর্যন্ত এলাকায় বাইক, গাড়ি পার্ক করেন হাটে আসা সাধারণ মানুষ। এই সুযোগকে কাজে লাগিয়ে একদল মানুষ টাকা রোজগার করছেন। বিশেষ করে মাটিগাড়া হাট সংলগ্ন গলিগুলিতে বাইক রাখতে গেলে কিছু মানুষ এগিয়ে আসেন। তাঁদের মধ্যে অনেক সময় মহিলারাও থাকেন। কোথাও কোথাও দেখা যায় যে তাঁরা রীতিমতো চেয়ার পেতে বসে আছেন। বাইক রাখতে গেলেই বাইকচালকের থেকে দশ টাকা করে নিচ্ছেন তাঁরা।

মাটিগাড়া-২ গ্রাম পঞ্চায়েতের প্রধান দীপালি ঘোষ বলেন, 'আগে হাটের কিছু অংশ ফাঁকা থাকত। সেখানে অনেকে নিজেদের গাড়ি ও বাইক রাখতেন। তবে এখন আর সেভাবে জায়গা ফাঁকা থাকে না। তাই এই সমস্যা হচ্ছে। হাটটি যেহেতু ডিআই ফান্ডের আওতায়, তাই তাঁদের সঙ্গে এবিষয়ে কথা বলব।'

সাধারণ মানুষের মতে, প্রশাসনের তরফে যদি নির্দিষ্ট ব্যবস্থা করা হয় তাহলে পার্কিংয়ের নামে চলা এই চক্র বন্ধ হয়ে যাবে। এই হাটে বাজার করতে এসেছিলেন সুমন সরকার। তাঁর কথায়, 'বাইক নিয়ে হাটে আসি। কিন্তু প্রতিবার বাইক রাখার জায়গা খুঁজে বের করতে ঝামেলা হয়। আশপাশের গলিগুলিতে গাড়ি রাখতে গেলে অনেকে ১০ টাকা করে নেয়। উপায় নেই তাই বাধ্য হয়ে টাকা দিয়ে বাইক রাখি।'

একই কথা হাটে আগত অনেকের মুখে শোনা যায়। সৌরভ কুণ্ডু ক্ষোভ উগরে দিয়ে বলেন, 'হাটের জন্য প্রশাসনের পক্ষ থেকে কোনও পার্কিংয়ের ব্যবস্থা করা হয়নি। জায়গা না থাকায় ১০ টাকা দিয়ে গাড়ি রাখি। নাহলে গাড়ি রাখা নিয়ে সমস্যায় পড়তে হয়। প্রশাসনের উচিত এবিষয়ে নজর রাখা।'


*হাটের কাছে গলিতে বেআইনি পার্কিং জোনে সারি সারি গাড়ি।*

**মাটিগাড়ায় গণ্ডগোল**

- হাটবারে খাপরাইল থেকে বিশ্বাস কলোনি পর্যন্ত এলাকায় বাইক, গাড়ি পার্ক করেন হাটে আসা ক্রেতারা
- অভিযোগ, বিভিন্ন জায়গায় পার্কিংয়ের জন্য দশ টাকা করে দাবি করছেন কয়েকজন
- বাধ্য হয়ে অর্থের বিনিময়ে গাড়ি পার্ক করেন বেশিরভাগ, প্রশাসনের কাছে পার্কিংয়ের ব্যবস্থার দাবি উঠছে

## এত আনন্দ আয়োজন... সব তোমারই জন্য

### নারীর জন্য সুস্থ সমাজ

পারমিতা রায়

**শিলিগুড়ি, ১৪ অক্টোবর :** দুর্গাপুজোর রেশ না কাটতেই শুরু হয়ে গিয়েছে কালীপুজোর প্রস্তুতি। শহরের প্রতিটি প্রান্তেই উদ্যোক্তাদের মধ্যে ব্যস্ততা। পিছিয়ে নেই বিধান স্পোর্টিং ক্লাবও। এবছর ৬০তম বর্ষে বিধান স্পোর্টিং ক্লাবের থিম 'দায়বদ্ধ'। নারীর প্রতি সমাজের দায়বদ্ধতা কোথায়, সেটাই মণ্ডপসজ্জার মাধ্যমে তুলে ধরতে চাইছেন উদ্যোক্তারা। চলছে মণ্ডপ তৈরির কাজ।

নারীর প্রতি সমাজের দায়বদ্ধতা, নারী সুরক্ষায় নিরাপদ সমাজ গড়ে তোলার বার্তা দিতেই এমন থিম বেছে নিয়েছে বিধান স্পোর্টিং ক্লাব। মণ্ডপে ঢোকার মুখেই দেখা যাবে মায়ের কোলে শিশু। প্রায় ২০ লক্ষ টাকার বাজেটে হচ্ছে মণ্ডপ তৈরির কাজ। মেদিনীপুরের শিল্পীরা তৈরি করছেন মণ্ডপ।

তবে প্রতিমা তৈরির দায়িত্বে স্থানীয় মৃৎশিল্পী। উদ্যোক্তাদের তরফে জানানো হয়েছে, পুজোর দিনগুলিতে নানান সাংস্কৃতিক অনুষ্ঠান হবে। এছাড়াও বস্ত্র বিতরণ সহ দুঃস্থদের সাহায্যের মতো নানান সমাজসেবামূলক কর্মসূচি গ্রহণ করেছেন উদ্যোক্তারা। পুজো কমিটির সম্পাদক বাবলু তালুকদার বলেন, 'আমরা প্রতি বছরই অভিনব কিছু করার চেষ্টা করি। এবছর আমরা নারীদের প্রতি সমাজের দায়বদ্ধতাকে তুলে ধরছি। আমাদের মা, বোনদের সুরক্ষিত রাখা, নিরাপদ সমাজ দেওয়ার দায়িত্ব আমাদের। এই বার্তা ফুটে উঠবে মণ্ডপসজ্জার মাধ্যমে। আমরা চাইছি ভবিষ্যতের সুস্থ সমাজ।'

**বার্তা দিতে চায় বিধান স্পোর্টিং**

দায়বদ্ধ থিমের মধ্যে দিয়ে যদি সমাজ আরও সচেতন ও দায়িত্বশীল হয়ে ওঠে, সেখানে মিলবে পুজোর সার্থকতা, মনে করেন বিধান স্পোর্টিং ক্লাবের সদস্যরা। শহরের বিগ বাজেটের কালীপুজোগুলির মধ্যে অন্যতম এই পুজোতে এবার থাকছে মেলাও।

### সাড়ে সাত ফুটের শ্বেতকালী

**শিলিগুড়ি, ১৪ অক্টোবর :** মহাকুম্ভে যাঁরা যেতে পারেননি, মন খারাপ করার কোনও কারণ নেই। কেননা, এবার শহরেই মহাকুম্ভের দর্শন মিলবে। ৩৩তম বর্ষে উত্তর সুকান্তনগরের নবজাগৃতি সংঘের কালীপুজোর থিম 'আলো ও ছবি দ্বারা মহাকুম্ভ দর্শন'। ধ্বনি, আলো ও বিভিন্ন ছবির মাধ্যমে তুলে ধরা হবে মহাকুম্ভকে। যার কাজ এখন চলছে জোরকদমে।

**সুকান্তনগরে মহাকুম্ভ**

চলতি বছরের শুরুতে মহাকুম্ভ নিয়ে মানুষের মধ্যে প্রবল উন্মাদনা দেখা গিয়েছিল। প্রচুর মানুষ গিয়েছেন মহাকুম্ভে। আবার অনেকেই প্রয়াগরাজ যেতে না পেরে আক্ষেপও করেছেন। ওই আক্ষেপ থেকেই মহাকুম্ভকে থিম হিসেবে বেছে নেওয়া সুকান্তনগরের নবজাগৃতি সংঘের। এছাড়াও মণ্ডপে থাকবে সাড়ে সাত ফুট উচ্চতার শ্বেতকালী প্রতিমা। পাশাপাশি, শায়িত হনুমানের মূর্তিও দেখা যাবে মণ্ডপে। যা লম্বায় সাড়ে ছয় ফুট ও চওড়ায় তিন ফুট। পুজো কমিটির সম্পাদক সুদীপ বসাক বলেন, 'মহাকুম্ভের আবহ তৈরি করার চেষ্টা করছি। যা আলো, ধ্বনি ও ছবির মাধ্যমে তুলে ধরে দর্শনার্থীদের কাছে আকর্ষণীয় করে তোলা হবে। এছাড়াও নারীশক্তির বার্তা থাকবে মণ্ডপে।' দর্শনার্থীদের বিষয়টি বোঝানোর জন্য থার্মোকলের তৈরি বেশ কিছু মডেলও রাখা হবে বলে উদ্যোক্তারা জানান। প্রায় দুই লক্ষ টাকার বাজেটে মণ্ডপের কাজ চলছে এখন। পুজো কমিটির সভাপতি মুকুল পাল বলেন, 'আশা করছি নতুনত্ব এই ভাবনা দর্শনার্থীদের মন জয় করবে। পুজো দেখতে এসে দর্শনার্থীদের যাতে কোনও অপ্রীতিকর পরিস্থিতির মুখে না পড়তে হয়, তার জন্য স্বেচ্ছাসেবকদের কড়া নজরদারি থাকবে।'

শহরের অন্য পুজো থেকে কীভাবে নিজেদের ক্লাবের পুজোকে সেরা হিসেবে তুলে ধরা যায়, সেই চেষ্টায় এখন দিনরাত পরিশ্রম করছেন ক্লাব সদস্যরা।


*মৃন্ময়ী।। শিলিগুড়িতে। ছবি : সঞ্জীব সূত্রধর*

# মন মজছে ডিজাইনার মোমে

তমালিকা দে

**শিলিগুড়ি, ১৪ অক্টোবর :** দীপাবলি আসতে আর হাতেগোনা কয়েকটি দিন। আলোর উৎসবের জন্য ইতিমধ্যেই সেজে উঠেছে শহরের দোকানগুলি। বিভিন্ন রকমের আলোর ঝলকানিতে নজর কাড়ছে ক্রেতাদেরও। তবে শুধু চিনা লাইটই নয়, ডিজাইনার মোমবাতিও এবার দীপাবলিতে 'হট কেক'।

এই 'ফ্লোটিং' ক্যান্ডেলগুলি দীপাবলিতে বাড়ির অন্দরকে আরও সুন্দর করে সাজিয়ে তোলার জন্য ক্রেতাদের মন কাড়ছে। তাই ক্রেতাদের মন বুঝে বিভিন্ন রকমের লাইট যেমন বাজারে এসেছে, পাল্লা দিচ্ছে মোমবাতিও। তবে বিক্রির জন্য এই ক্যান্ডেলগুলি বিক্রেতারা এনেছেন দিল্লি থেকে। শুধু চকোলেট, ফুলই নয়, বিভিন্ন রকমের মিষ্টি, কার্টুন চরিত্রও দখল করছে এই ক্যান্ডেলগুলির আকার।

এগুলির চাহিদা কেমন জিজ্ঞেস করতেই শিলিগুড়ি পুলিশ স্টেশনের বিপরীতে এক বিক্রেতা মন্টু গুপ্ত বলেন, 'বাঙালি, অবাঙালি সকলেই চায় দীপাবলিতে ঘরকে সাজিয়ে তুলতে। তাই এ ধরনের মোমবাতিগুলো দেখতে যেমন সুন্দর লাগে পাশাপাশি এতে পরিবেশ দূষণও নেই।'

প্রত্যেক বছরই ক্রেতাদের চমকে দিতে বাজারে অভিনব জিনিস দেখা যায়। চলতি বছর এই ডিজাইনার ফ্লোটিং মোমবাতিগুলি শহরে সেই জায়গা নিতে চলেছে বলে মনে করছেন অনেক বিক্রেতাই। ৫০ টাকা থেকে শুরু করে পাঁচশো টাকা পর্যন্ত দামের এই মোমবাতি বাজার ছাপিয়ে যাচ্ছে।



বিধান মার্কেটে শনিবার বাজার করতে এসে দেশবন্ধুপাড়ার গোপাল মোড়ের বাসিন্দা পিয়ালী সরকার বলেন, 'ডিজাইনার মোমবাতি কেনার জন্য বাজারে আসিনি। কিন্তু হঠাৎ করে এত সুন্দর মোমবাতি দেখে তা না কিনে পারলাম না।'



শুধু নিজের ঘর সাজানো নয়। দীপাবলি উপলক্ষ্যে বন্ধু, পরিবারের সদস্যদের উপহার দেওয়ারও চল রয়েছে অবাঙালিদের মধ্যে। তবে বাঙালিরাও এই স্রোতে গা ভাসিয়েছেন অনেকদিন। তাই দীপাবলি হোক বা ভাইফোঁটা বা বিবাহবার্ষিকীতে উপহার হিসেবেও এই সুসজ্জিত 'কাস্টমাইজড' মোমবাতিতে মন মজছে প্রিয় মানুষজনের।

বান্ধবীদের উপহার দেওয়ার জন্য দুই বাক্স ডিজাইনার মোমবাতি কিনেছে শিলিগুড়ি কলেজের তৃতীয় সিমেস্টারের ছাত্রী ডোনা সরকার। হাসিমুখে তিনি বলেন, 'অল্প খরচে বন্ধুদের কী উপহার দেওয়া যায় তা ভেবেছিলাম। আমার এক বন্ধুর পরামর্শে বাজার থেকে এই ক্যান্ডেল বক্সগুলো কিনেছি। প্রতি বাক্স ৫০ টাকা।'

দীপাবলির আগে ক্রেতাদের চাহিদা দেখে লক্ষ্মীলাভে হাসিমুখ শেঠ শ্রীলাল মার্কেটের দোকানদার প্রীতম সাহা বলেন, 'চাহিদার কথা মাথায় রেখেই বিভিন্ন ডিজাইনের এই মোমবাতিগুলো আনা হয়েছে। ছোট থেকে বড় সবাই এই মোমবাতিগুলো পছন্দ করছে।' দীপাবলি যত এগোবে এই ভাসমান মোমবাতিগুলোর চাহিদা ততই বাড়বে বলে আশা রাখছেন বিক্রেতারা।




